



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ২৬/০৩/২০১৭খ্রি:

মহান স্বাধীনতা দিবস উদ্যাপনে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ব্যতিক্রমি আয়োজন

২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৭ উদ্যাপন উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে ছিল এক ব্যতিক্রমি আয়োজন। চিরাচরিত নিয়মে জাতীয় সংগীতের মাধ্যমে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন, বিশ্ববিদ্যালয়ের অঙ্গীয় স্মৃতিস্তম্ভে পুস্পত্বক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করে দিবসটির সূচনা করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক ও ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান সহ বিশ্ববিদ্যালয়ের ডিন, প্রষ্টর, বিভাগীয় প্রধান, প্রভোস্টবৃন্দ, রেজিস্ট্রার, দণ্ডের প্রধানগণ, বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, নীলদল বরিশাল বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু পরিষদ, সেন্ট্রেল কমান্ডারেস ফোরাম মুক্তিযুদ্ধ ৭১ বিবি শাখা, বিভিন্ন বিভাগ, হল সমূহ, বরিশাল বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি, শিক্ষার্থীবৃন্দ, ঢয় ও ৪ৰ্থ শ্রেণি কর্মচারী কল্যান পরিষদ এর নেতৃবৃন্দ। পুস্পত্বক অর্পন শেষে বিশ্ববিদ্যালয়ের বিএনসিসির (সেনা ও নৌ) ক্যাডেটদের গার্ড অব অনার গ্রহণ করেন উপাচার্য ও ট্রেজারার মহোদয়। মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে বরিশাল বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত অনুষ্ঠানের ২য় পর্বে ছিল একটি ব্যতিক্রমি আয়োজন। উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হকের উদ্যোগে কোন জাতীয় দিবসে দেশের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে এই প্রথম বরিশাল বিশ্ববিদ্যালয়ে উপাচার্য মহোদয় এবং তাঁর সহধর্মীনি জনাব মন্তি ইমাম হক এক বৈকালীক চা চক্রের আয়োজন করেন। আমন্ত্রিত অতিথিদেরকে সাথে নিয়ে উপাচার্য মহোদয় ও তাঁর সহধর্মীনি জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে অনুষ্ঠান শুরু করেন। এ সময় বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক পরিষদ দেশান্তরোধৰ সংগীত পরিবেশন করেন। চা চক্রে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, সিভিকেট সদস্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের অনারারী প্রফেসর ড. শফিউর রহমান, সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী প্রাক্তন অতিরিক্ত এটর্নি জেনারেল এম কে রহমান, বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, প্রকল্প পরিচালক বরিশাল বিশ্ববিদ্যালয়, প্রষ্টর, প্রভোস্টবৃন্দ, বিভাগীয় প্রধানগণ, শিক্ষকমণ্ডলী, কর্মকর্তাবৃন্দ, জনপ্রতিনিধি, স্থানীয় প্রশাসন ও পুলিশ প্রশাসনের কর্তাব্যক্তি, বিভিন্ন সংস্থার প্রতিনিধি, বীর মুক্তিযোদ্ধা, শিক্ষাবিদ, সুশীল সমাজ ও সাংবাদিক সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। ব্যতিক্রমি এ আয়োজনে অতিথিরা আপ্যায়নের পাশাপাশি এক মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনাও উপভোগ করেন।

কর্তৃপক্ষের নিদেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রফিমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়
[\(b.university.pro@gmail.com\)](mailto:b.university.pro@gmail.com)